



বিসমিল্লাহির রাহমানির রাহীম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।

১/২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(স্থাপিত : ১৭৮০)

website : www.dhkgovmalia.edu.bd, E-mail : malia1780dhaka@gmail.com



তারিখ : ২৩/১১/২০২২ খ্রি.

কামিল (স্নাতকোত্তর) ১ম পর্বে চূড়ান্ত ভর্তি বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ : ২০২০-২০২১)

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর আওতাধীন সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকায় ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ০২ বছর মেয়াদী কামিল (স্নাতকোত্তর) ১ম পর্বে ভর্তি চলছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা আগামী ৩১/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত ফি জমা দিয়ে অত্র অফিস থেকে প্রাথমিক আবেদন ফরম ও পরবর্তীতে ভর্তি ফরম সংগ্রহ করে ভর্তি সম্পন্ন করতে পারবে। প্রত্যেক সকাল ১০:০০টা হতে বিকাল ০৩:০০টা পর্যন্ত ভর্তি কার্যক্রম চলবে।

০১। যে সকল শিক্ষার্থী ১৯/১০/২০২২ খ্রি. তারিখ ও ০১/১১/২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং যারা ভর্তি ফরম সংগ্রহ করে এখনো ভর্তি হয়নি তাদেরকে আগামী ৩১/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে চূড়ান্ত ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।

০২। নির্ধারিত ফি জমা দিয়ে মাদ্রাসার অফিস থেকে প্রাথমিক আবেদন সংগ্রহ করতে হবে। পরবর্তীতে নীচ তলায় ১০৯নং কক্ষ থেকে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযথভাবে ফরম পূরণ পূর্বক ভর্তি কমিটির আহ্বায়ক জনাব মোঃ শাহজালাল, সহযোগী অধ্যাপক অথবা সদস্য জনাব মোহাম্মদ ফরিদ আহম্মদ মজুমদার, প্রভাষক স্বাক্ষর নিয়ে ক্যাশিয়ারের নিকট নির্ধারিত ভর্তি ফি জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৩। ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে :

(ক) দাখিল ও আলিম শ্রেণির নম্বরপত্রের ফটোকপি।

(খ) ফায়িল (পাস) শ্রেণির কম্বাইন্ড রেজাল্ট (১ম, ২য় ও ৩য় বর্ষের) অনলাইন হতে প্রাপ্ত সিজিপি-এর কপি জমা দিতে হবে।

(গ) টুপি পরিহিত পাসপোর্ট সাইজের (সদ্য তোলা) ০৪ কপি রপ্তি ছবি। (ছবির পিছনে সাদা অংশে নাম লিখতে হবে)।

০৪। ভর্তি ফরমে নিজস্ব মোবাইল নম্বর ও অভিভাবকের মোবাইল নম্বর লিখতে হবে। মোবাইল নম্বর পরিবর্তন হলে নতুন মোবাইল নম্বর অফিসে এসে ভর্তি ফরমে লিপিবদ্ধ করতে হবে।

০৫। যে বিভাগ ভর্তি হতে ইচ্ছুক ভর্তি ফরমে হাদিস/তাকসীর/ফিক্হ/আদব তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। পরবর্তীতে কোনক্রমেই বিভাগ পরিবর্তন করা যাবে না।

০৬। আগামী ১৮/০১/২০২৩ খ্রি. তারিখ থেকে কামিল (এম.এ) ১ম বর্ষের ক্লাস শুরু হবে।

বিঃ দ্রঃ ভর্তি ফরমে পরীক্ষা পাশের বিবরণ সম্পর্কিত কলামটি দাখিল, আলিম ও ফায়িল পরীক্ষা পাশের রোল, রেজি.নং এবং পাসের সন সঠিকভাবে পূরণ করতে হবে।

উল্লেখ্য, যে সকল ছাত্র সাধারণ ও মেধাবৃত্তি প্রাপ্ত হয়েছে তাদের বৃত্তি সংক্রান্ত তথ্য ১০৩ নং কক্ষে জনাব মোঃ ফারুক আহম্মেদ, কম্পিউটার অপারেটর-এর নিকট জমা দেওয়ার জন্য বলা হলো। বৃত্তির তথ্য জমা না দিলে পরবর্তীতে এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

বিস্তারিত তথ্য মাদ্রাসার নোটিশ বোর্ড ও ওয়েবসাইট থেকে জানা যাবে।

ওয়েব সাইট : www.dhkgovmalia.edu.bd

(মুহাম্মাদ আবদুর রশীদ)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।